

রাতভর ছাত্রীদের বিক্ষোভের মুখে দুই শিক্ষিকার পদত্যাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

'নিম্নমানের ইফতার' নিয়ে ছাত্রীদের বিক্ষোভের মুখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেগম রোকেয়া হলের আবাসিক শিক্ষকের পদ থেকে ইস্তফা দিয়েছেন দুই শিক্ষিকা। তারা হলেন, মার্কেটিং বিভাগের উশমিতা আফিরোজ এবং তথ্যবিজ্ঞান ও গ্রহাণুর ব্যবস্থাপনা বিভাগের রওশন আক্তার। গতকাল বৃহস্পতিবার তারা পদত্যাগ করেন।

অভিযোগ রয়েছে, বিশ্ববিদ্যালয় দিবসে গত বুধবার রোকেয়া হলে নিম্নমানের ইফতার দেওয়া হয়েছিল। এ নিয়ে রাতে ছাত্রীরা বিক্ষোভ করলে তাদের সঙ্গে দুর্যবহার করেন শিক্ষিকারা। এ ঘটনায় দুই শিক্ষিকার পদত্যাগের দাবি জানায় ছাত্রীরা, রাতভর বিক্ষোভ করে তারা।

শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে দুই শিক্ষিকা গতকাল দুপুরে হল প্রাধ্যক্ষের কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এম আমজাদ আলী নিশ্চিত করেছেন।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে

পাঁচটি ছাত্রী হলে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে খাবার দিলেও রোকেয়া হলের ছাত্রীদের শুধু ইফতারি দেওয়া হয়, রাতের খাবার দেওয়া হয়নি। এতে শিক্ষার্থীরা ক্রুদ্ধ হয়ে বিক্ষোভ শুরু করে। একপর্যায়ে 'নিম্নমানের ইফতারি' দেওয়া হয়েছে—অভিযোগ করে ছাত্রীরা প্রাধ্যক্ষের

ঢাকা বিশ্ববিদ্যালয়
রোকেয়া হল

কক্ষের সামনে ইফতারি রেখে আসে। এ ঘটনায় ওই দুই শিক্ষিকা তাদের সঙ্গে দুর্যবহার করেন বলে

অভিযোগ তোলে ছাত্রীরা। রাত ১১টা থেকে দুই শিক্ষিকার পদত্যাগ দাবিতে আবার বিক্ষোভ শুরু করে ছাত্রীরা। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এম আমজাদ আলী ও হল প্রাধ্যক্ষ নাজমা শাহীন হলে গিয়ে চেষ্টা করেও ছাত্রীদের নিবৃত্ত করতে পারেননি। পরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আ. আ. ম. স. আরেফিন সিদ্দিক হলে গিয়ে পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনেন।

ছাত্রীদের বিক্ষোভ ও দুই শিক্ষিকার পদত্যাগের বিষয়ে কথা বলতে চেষ্টা করা হলেও প্রাধ্যক্ষ নাজমা শাহীন ফোন ধরেননি।